

মিলওয়াউকি কাউন্টির বয়স্ক এবং প্রতিবন্ধীদের জন্য পরিষেবা

মিলওয়াউকি কাউন্টির বয়স্কদের জন্য এরিয়া এজেন্সি ৬০ এর বেশী বয়সী সকল বয়স্কদের জন্য উপলভ্য

মিলওয়াউকি কাউন্টির সমস্ত বয়স্ক বাসিন্দাদের স্বাস্থ্য এবং সুস্থতার উন্নতির জন্য কমিশন অন এজিং-এর দর্শন দ্বারা পরিচালিত হয়ে কাঠামোগত বর্ণবাদকে স্বীকার ও তা অতিক্রম করে, স্বাস্থ্যের সমতা প্রচার করে, যোগাযোগ ও সহযোগিতার উন্নতি করে এবং সুস্থতার সমস্ত মাত্রা মোকাবেলা করে মিলওয়াউকি কাউন্টি বয়স্কদের জন্য এরিয়া এজেন্সি নিম্নলিখিত কাজগুলো করে থাকে:

- বয়স্ক ব্যক্তিদের জন্য নির্দিষ্ট পরিষেবাসমূহের একটি বিস্তৃত, সহযোগিতামূলক, কমিউনিটি-ভিত্তিক নেটওয়ার্ক এবং সহায়তা করা।
- বয়স্ক আমেরিকানদের জন্য আইনের মাধ্যমে সুরক্ষা, সামাজিক সহায়তা, পরিবহন, পুষ্টি, সুস্থতা, আইনি এবং পরিচর্যাকারী সহায়তা পরিষেবায় প্রয়োজনীয় অর্থের জোগান দেওয়া।
- বয়স্কদের জন্য কমিশনের কাউন্সিল ও কমিটি, স্বেচ্ছাসেবক হিসাবে সুযোগ এবং সিনিয়র সেন্টারগুলোর নেটওয়ার্কের মাধ্যমে সম্প্রদায়ের মধ্যে সামাজিক সম্পৃক্ততা প্রচার করা।

একসঙ্গে, সুস্থ কমিউনিটি তৈরি করা

মিলওয়াউকি কাউন্টির বয়স্কদের জন্য এরিয়া এজেন্সি প্রোগ্রামগুলি আংশিকভাবে অ্যাডমিনিস্ট্রেশন ফর কমিউনিটি লিভিং (Administration for Community Living, ACL), যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ দ্বারা বয়স্ক আমেরিকানদের জন্য আইনের অধীনে আর্থিক সহায়তা সংক্রান্ত পুরস্কারের মাধ্যমে সাহায্যপ্রাপ্ত।

কেয়ারগিভার সাপোর্ট প্রোগ্রাম



MILWAUKEE COUNTY
DEPARTMENT OF HEALTH
& HUMAN SERVICES
**AGING & DISABILITIES
SERVICES**

১২২০ ওয়েস্ট ভুলিয়েট স্ট্রিট, স্যুট ৩০০ | মিলওয়াউকি, উইসকনসিন ৫৩২০৫
ফোন: (414) 289-6874 | ফ্যাক্স: (414) 289-8568
county.milwaukee.gov | caregiversupport@milwaukeecountywi.gov



**MILWAUKEE
COUNTY**

আরও তথ্যের জন্য, আমাদের সাথে (414) 289-
6874 নম্বরে যোগাযোগ করুন

আপনি অন্যদের পাশে থাকেন, তাই আমরা আপনার পাশে আছি

আপনি অন্যদের যত্ন নেন, তাই আপনার জন্য আমরা আছি

আপনি কি একজন আত্মীয়, সঙ্গী, স্বামী/স্ত্রী বা বন্ধু হিসেবে নিজের প্রিয়জনকে সুরক্ষিত, আরামদায়ক এবং সুখী রাখতে দৈনন্দিন কাজে সাহায্য করছেন? তাহলে আপনি একজন পরিচর্যািকারী এবং আমরা আপনাকে সাহায্য করার জন্য প্রস্তুত! যেহেতু পরিচর্যািকারীরা অন্যদের গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে, তাই মিলওয়াউকি কাউন্টি কেয়ারগিভার সাপোর্ট প্রোগ্রাম তাদের সহায়তা পরিষেবা ও শিক্ষা প্রদান করে এবং সুস্থ ও ভালো থাকতে সাহায্য করে।

আপনার প্রয়োজন অনুযায়ী বিভিন্ন পরিষেবাসমূহ

- নিজের যত্ন নেওয়া, বিশ্রাম এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সহায়তার ক্ষেত্রে ব্যবহারের জন্য পরিচর্যািকারীদের জন্য আর্থিক সাহায্য
- পরিচর্যািকারীর চাহিদাগুলি মূল্যায়ন এবং পূরণ করতে হোম ভিজিট ও ফোনে পরামর্শ
- রিসোর্স ও পরিষেবা সংক্রান্ত সংযোগসমূহ



পরিচর্যািকারীদের জন্য আর্থিক সংস্থান

ন্যাশনাল ফ্যামিলি কেয়ারগিভার সাপোর্ট প্রোগ্রাম পরিচর্যািকারীর প্রশিক্ষণ, বাড়ির ক্ষুদ্র সংস্কার, নিজের কেয়ার, অবকাশ এবং অন্যান্য প্রয়োজনীয়তার জন্য আর্থিক সহায়তা

কারা অংশগ্রহণ করতে পারেন?

- অনানুষ্ঠানিক পরিচর্যািকারীরা যিনি পরিচর্যা পরিষেবা প্রদান করেন ৬০ বছর বা তার বেশি বয়সী একজন ব্যক্তির অথবা যে কোনো বয়সের ডিমেনশিয়া রোগে আক্রান্ত ব্যক্তির যিনি Medicaid-এর দীর্ঘমেয়াদী কেয়ার প্রোগ্রামে নিবন্ধিত নন বা পরিচর্যা কেন্দ্রে বসবাস করছেন।
- কারও দাদা-দাদি (দাদু-দিদা) ও ৫৫ বছর বা তার বেশি বয়সী বয়স্ক আত্মীয় যারা অপ্ৰাপ্তবয়স্ক শিশু বা একজন প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধী মানুষের প্রধান পরিচর্যািকারী হিসেবে দায়িত্ব পালন করছেন।

অ্যালঝাইমার্স ফ্যামিলি অ্যান্ড কেয়ারগিভার সাপোর্ট প্রোগ্রাম

চিকিৎসা সম্ভব নয় এমন ডিমেনশিয়ায় আক্রান্ত ব্যক্তির যত্ন নেওয়ার জন্য অস্থায়ী পরিচর্যািকারীর বিশ্রামের ব্যবস্থা, পণ্য বা পরিষেবার জন্য আর্থিক সহায়তা।

কারা অংশগ্রহণ করতে পারেন?

- সেইসব অনানুষ্ঠানিক পরিচর্যািকারী, যারা অ্যালঝাইমার্স রোগ বা অন্যান্য ডিমেনশিয়ায় আক্রান্ত যেকোনো বয়সের এমন ব্যক্তির যত্ন নেন যাদের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি প্রযোজ্য:
 - তারা একটি কমিউনিটি বা বাড়িতে থাকেন
 - তারা একটি দীর্ঘমেয়াদি কেয়ার প্রোগ্রামে নিবন্ধিত নন
 - তাদের বার্ষিক আয় ৪৮,০০০ ডলার বা তার চেয়ে কম (স্বামী/স্ত্রী/সঙ্গীর আয়সহ)।

মিলওয়াউকি কাউন্টির বয়স্কদের জন্য এরিয়া এজেন্সি

আরও জানতে 414-289-6874 নম্বরে কল করুন বা caregiversupport@milwaukeecountywi.gov-এ ইমেইল করুন